

# Eighth India-Armenia IGC Meeting at Yerevan

July 04, 2022

## ইয়েবেভান-এ অষ্টম ভারত-আর্মেনিয়া আইজিসি বৈঠক

জুলাই 04, 2022

বাণিজ্য, অর্থনৈতিক, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি এবং শিক্ষাক্ষেত্রে সহযোগিতার উপরে ভারত -আর্মেনিয়া ইন্টারগভর্নমেন্টাল কমিশন(আইজিসি)-এর অষ্টম অধিবেশন 04 জুলাই 2022 -এ ইয়েবেভান-এ অনুষ্ঠিত হয়েছে। আর্মেনিয়ান প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রী আরারাত মিরজোইয়ান। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন শ্রী সঞ্জয় ভার্মা, সচিব(পশ্চিম)। সপ্তম আইজিসিটি 2016-র এপ্রিলে অনুষ্ঠিত হয়েছিল। আইজিসি আলোচনা শুরুর আগে একান্ত আলাপচারিতার জন্য বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রী আরারাত মিরজোইয়ান, সচিব (পশ্চিম) -কে অভ্যর্থনা জানান।

আইজিসিতে, উভয়পক্ষ বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্য, পর্যটন, পরিকাঠামো, সংস্কৃতি, সংযোগ, তথ্যপ্রযুক্তি, কৃষি, ফিনটেক এবং শিক্ষার মত বিভিন্ন বৈচিত্রপূর্ণ ক্ষেত্রে সহযোগিতার বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা ও পর্যালোচনা করেছেন। ভারত এবং আর্মেনিয়া, ভারতের আর্থিক ও প্রায়ুক্তিক সহযোগিতায় আর্মেনিয়াতে হাই ইমপ্যাক্ট কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টের উপরে একটি সমঝোতা পত্র (মৌ) ও স্বাক্ষর করেছে।

সচিব(পশ্চিম), আর্মেনিয়ার উপ প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত হামবার্ডজাম মাতেভোসিয়ানের সাথেও সাক্ষাৎ করেছেন। সচিব(পশ্চিম) মহান্মা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পন করেছেন। পরে ইয়েবেভান স্টেট মেডিক্যাল ইউনিভার্সিটি (ওয়াইএসএমইউ)-তে বিশ্ববিদ্যালয়ের রেক্টর ডঃ আর্মেন মুরাডিয়ান-এর সাথে একসাথে একটি মহান্মাগান্ধী প্রেক্ষাগৃহের উদ্বোধন করেন। সচিব(পশ্চিম), ওয়াইএসএমইউ -তে পাঠরত ভারতীয় শিক্ষার্থীদের সাথেও আলাপচারিতা করেন।

## ইয়েবেভান, আর্মেনিয়া

জুলাই 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.